# 2023

## PHILOSOPHY — HONOURS

**Paper : DSE-B-2.1**

**Contemporary Indian Philosophy**

**(Swami Vivekananda)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি চিহ্নিত করো (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) মানুষের যথার্থ স্বরূপ সম্পর্কিত বক্তৃতা স্বামী বিবেকানন্দ যে-স্থানে দিয়েছিলেন, তা হল

(অ) কলকাতা (আ) লন্ডন

(ই) নিউ ইয়র্ক (ঈ) মাদ্রাজ।

(খ) একত্বের অনুসন্ধান করা হয় যে দর্শনে, তা হল

(অ) বৌদ্ধ (আ) সাংখ্য

(ই) বেদান্ত (ঈ) ন্যায়।

(গ) রাজযোগের কার্যকারিতা হল এই যে তা মানুষকে যে শিক্ষা দেয়, তা হল

(অ) ভালোবাসা এবং আবেগ (আ) আসক্তিবিহীন কঠোর শ্রম

(ই) দার্শনিক তত্ত্ব (ঈ) একাগ্রতা।

(ঘ) বেদান্ত মনে করে, কেবল একটিমাত্র পাপ আছে, আর তা হল

(অ) বেদান্তের শিক্ষার সমালোচনা করা

(আ) মিথ্যা কথা বলা

(ই) হিন্দু ধর্ম থেকে অন্য কোনো ধর্মে ধর্মান্তরিত হওয়া

(ঈ) নিজেকে বা অন্য কাউকে পাপী বলে চিন্তা করা।

(ঙ) ধর্মের প্রসঙ্গে বিবেকানন্দ বলেন যে, প্রত্যেক ধর্মের তিনটি ভাগ থাকে, যথা—

(অ) পৌরাণিক ভাগ, আচার-বিচার ও ইতিহাস (আ) দার্শনিক ভাগ, পৌরাণিক ভাগ ও আনুষ্ঠানিক আচার-বিচার

(ই) আচার-অনুষ্ঠান, যজ্ঞাহুতি, দেবালয় (ঈ) পূজার্চনা, ধর্মীয় গ্রন্থপাঠ, দেবস্থানে যাতায়াত।

(চ) বিবেকানন্দ 'যোগ' শব্দটিকে ক'টি ভিন্ন নামে অভিহিত করেছেন?

(অ) এক (আ) দুই

(ই) তিন (ঈ) চার।

(ছ) স্বামী বিবেকানন্দ যে স্থানে অনুষ্ঠিত বিশ্বধর্ম মহাসম্মেলনে যোগ দিয়ে ভারতের গরিমা প্রচার করেন— সেটা হল

(অ) লন্ডন (আ) নিউ ইয়র্ক

(ই) শিকাগো (ঈ) ভারতবর্ষ।

(জ) বিবেকানন্দের মতে, সকল ধর্মেই দেহ মনের পার্থক্যের ভিত্তিতে মানুষ হল

(অ) দু-প্রকার (আ) তিন প্রকার

(ই) চার প্রকার (ঈ) পাঁচ প্রকার।

(ঝ) স্বামী বিবেকানন্দের মতে,

(অ) বেদান্ত অরণ্য ও পর্বতে বসবাসকারী ঋষিদের চর্চার উপযোগী

(আ) বেদান্ত কেবলমাত্র দার্শনিক তত্ত্বের আলোচনা

(ই) যাঁরা বেদ পাঠ করেছেন, তাঁরাই বেদান্ত চর্চা করতে পারেন

(ঈ) প্রায়োগিক এবং আধ্যাত্মিক, উভয় ক্ষেত্রেই বেদান্ত চর্চা সহায়ক।

(ঞ) 'সোঽহম্'-এর অর্থ হল

(অ) সহ্য করলেই জীবনে ফল পাওয়া যায় (আ) জীবাত্মা ও পরমাত্মা অভিন্ন

(ই) সহ্যগুণ বড় গুণ (ঈ) ঈশ্বরকে লাভ করতে হলে সর্বদা সত্য কথা বলতে হয়।

(ট) কার্যের উৎপত্তি হয় সত্ত্ব, রজঃ ও তমোগুণের

(অ) সাম্য অবস্থায় থাকলে (আ) সাম্য অবস্থা নষ্ট হলে

(ই) যে-কোনো একটি গুণ বিনষ্ট হলে (ঈ) কোনোটিই নয়।

(ঠ) স্বামী বিবেকানন্দের নামের সাথে বেদান্ত দর্শনের যে বিশেষণটি জড়িত, তা হল

(অ) বিশিষ্টাদ্বৈত বেদান্ত (আ) দ্বৈতবাদ

(ই) দ্বৈতাদ্বৈতবাদ (ঈ) প্রায়োগিক বেদান্ত।

২। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৫

(ক) মানুষের যথার্থ স্বরূপের অনুসন্ধান করতে গিয়ে স্বামী বিবেকানন্দ আকাশ এবং প্রাণ থেকে যাবতীয় জড় ও শক্তির বিকাশের মাধ্যমে যেভাবে সৃষ্টি প্রণালী ব্যাখ্যা করেছেন, তা সংক্ষেপে আলোচনা করো।

(খ) অদ্বৈত বেদান্তের মূল তত্ত্ব কি উপলব্ধি করা সম্ভব? বিবেকানন্দকে অনুসরণ করে এই প্রশ্নের উত্তর দাও।

(গ) সকল ধর্মেরই কিছু আনুষ্ঠানিক আচার নিয়ম পালন নিয়ে ভিন্ন ভিন্ন ধর্মাবলম্বীরা যেভাবে পরধর্মের সমালোচনা ও নিন্দা করেন, তা উদাহরণসহযোগে ব্যক্ত করো।

(ঘ) সার্বভৌম ধর্মের আদর্শ বলতে বিবেকানন্দ কী বোঝাতে চেয়েছেন?

(ঙ) রাজযোগের একমাত্র আলোচ্য বিষয় কী? বিবেকানন্দের বক্তব্য অনুসারে তা ব্যক্ত করো।

(চ) ভক্তিযোগের একমাত্র আলোচ্য বিষয় কী? বিবেকানন্দের বক্তব্য অনুসরণ করে, তা ব্যক্ত করো।

(ছ) অদ্বৈত বেদান্ত দর্শনের প্রণেতা কে? 'অদ্বৈত' শব্দটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(জ) বিশ্বজনীন ধর্ম বলতে বিবেকানন্দ কি প্রচলিত ধর্মগুলির অতিরিক্তভাবে নূতন কোনো ধর্মমত প্রতিষ্ঠার কথা ভেবেছিলেন? আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) স্বামী বিবেকানন্দকে অনুসরণ করে নিত্য শুদ্ধ ও নিত্য পূর্ণরূপে মানুষের যথার্থ স্বরূপ ব্যাখ্যা করো। তাঁর মতে এই যথার্থ স্বরূপের উপলব্ধি কি সম্ভব? আলোচনা করো। ১০+৫

(খ) 'যোগ' শব্দের অর্থ কী? স্বামীজির নববেদান্তে স্বীকৃত যোগগুলির নাম লেখো এবং কেন স্বামীজি সবকটি যোগের সামগ্রিক বিকাশ সাধন চেয়েছিলেন, তা ব্যাখ্যা করো। ১+২+১২

(গ) বিভিন্ন ধর্মের মধ্যে ধর্মীয় বিভেদ ও অন্তর্জগতের বাদ-বিসম্বাদ সত্ত্বেও বিবেকানন্দ কীভাবে এক সর্বজনীন ধর্ম প্রতিষ্ঠার পথ প্রস্তুত করেছিলেন, তা ব্যাখ্যা করো। ১৫

(ঘ) ব্যবহারিক জীবনে বেদান্তের প্রয়োগ কি সম্ভব? আলোচনা করো। ১৫

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct option (*any ten*) : 1×10

(a) The place where Swami Vivekananda delivered his speech on the real nature of man, is

(i) Kolkata (ii) London

(iii) New York (iv) Madras.

(b) The Philosophy which is a search for 'ekatva' or oneness is

(i) Buddhism (ii) Sānkhya

(iii) Vedanta (iv) Nyaya.

(c) The function of Rajyoga is to teach mankind—

(i) love and emotion (ii) hard work without attachment

(iii) philosophical theories (iv) concentration.

(d) Vedanta believes in only one sin, and it is

(i) to be a critic of the teachings of the vedanta

(ii) to tell lies

(iii) to be converted to religion other than Hinduism

(iv) to think oneself or anybody as a sinner.

(e) In the context of religion, Vivekananda says that every religion has three parts, which are

(i) Mythological part, ritual part and historical part

(ii) Philosophical part, mythological part and ritual part

(iii) Ritual part, sacrifices in Yajna, Temple

(iv) Worshipping, Reading religious books, Visiting religious places.

(f) How many different uses of the word 'Yoga' have been made by Vivekananda?

(i) One (ii) Two

(iii) Three (iv) Four.

(g) Swami Vivekananda propagated the glory of India in World Religious conference which Parliament of the World's Religions and scattered the true was held in

(i) London (ii) New York

(iii) Chicago (iv) India.

(h) According to Vivekananda, in every religion, on the basis of the distinction between body and mind, men are divided into

(i) Two types (ii) Three types

(iii) Four types (iv) Five types.

(i) According to Swami Vivekananda,

(i) Study of Vedanta is suitable for sages residing in forests and mountains.

(ii) Vedanta is all about discussion of philosophical theories.

(iii) Those who have gone through Vedas are the only eligible persons who can study Vedanta.

(iv) Vedanta is helpful both in practical and spiritual field.

(j) 'You are Thou' means

(i) Tolerence brings results in life (ii) The finite soul is identical with The Infinite Soul

(iii) Tolerence is a great quality (iv) To achieve God, one has to always speak the truth.

(k) The effect emerges when the three qualities namely Sattva, Rajas and Tamas are in

(i) The state equilibrium (ii) The equilibrium is disturbed or destroyed

(iii) If any one quality is being destroyed (iv) None of these.

(l) The name of Swami Vivekananda is associated with a special designation of Vedānta which is

(i) Viśiṣtadvāita Vedānta (Qualified Monism)

(ii) Dvaitavāda (Duality or Dualism)

(iii) Dvaitadvāitavāda (Dualistic non-dualism)

(iv) Practical Vedānta.

2. Answer *any five* questions : 5×5

(a) State, in brief, how did Swami Vivekananda explain the process of creation with reference to the manifestation of matter and energy respectively from Akāśa and Prāṇa.

(b) Is it possible to realize the main doctrine of Advaita vedānta? Answer the question following Vivekananda.

(c) Every religion has some rituals to maintain which are criticized and defamed by people of other religions. Explain this point with the help of examples.

(d) What did Vivekananda mean by the ideal of Universal Religion?

(e) What is the sole object of discussion of Raj-yoga? Explain after Vivekananda.

(f) What is the sole object of discussion of Bhakti-yoga? — Discuss after Vivekananda.

(g) Who is the founder of Advaita philosophy? Explain the significance of the term 'Advaita'.

(h) By 'Universal Religion' did Vivekananda think of establishing any new religion over and above the existing religions? Discuss briefly.

3. Answer *any two* questions :

(a) Explain the real nature of man as the ever 'Pure' and ever 'Perfect' following Vivekananda. Is it possible to realise this real nature according to him? Discuss. 10+5

(b) What is the meaning of the term 'Yoga'? Name the different Yoga-s admitted by the new Vedanta of Swamiji and explain why Swamiji wanted a total development of all the Yogas. 1+2+12

(c) Explain how did Vivekananda prepare the way to the realisation of a universal religion in spite of religious diversity and internal struggle between different religions. 15

(d) Is it possible to apply Vedānta in our practical life? Discuss. 15

# 2023

## PHILOSOPHY — HONOURS

**Paper : CC-13**

**(Nyāya Logic and Epistemology-II)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×১০

(ক) অন্নংভট্টের মতে স্বার্থানুমিতি ও পরার্থানুমিতির করণ হল

(অ) পক্ষধর্মতাজ্ঞান (আ) পরামর্শ

(ই) ব্যাপ্তিজ্ঞান (ঈ) হেতু।

(খ) 'পক্ষধর্মতাজ্ঞান' হল

(অ) পক্ষে সাধ্যের বৃত্তিত্বের জ্ঞান (আ) পক্ষে হেতুর বৃত্তিত্বের জ্ঞান

(ই) পক্ষে হেতুর অভাবের বৃত্তিত্বের জ্ঞান (ঈ) পক্ষে সাধ্যের অভাবের বৃত্তিত্বের জ্ঞান।

(গ) 'সকল জ্ঞানই যথার্থ'— এটি কোন দার্শনিক সম্প্রদায়ের মত?

(অ) প্রাভাকর মীমাংসক (আ) ভাট্টমীমাংসক

(ই) মিশ্র মীমাংসক (ঈ) নৈয়ায়িক।

(ঘ) কেবলান্বয়ী হেতুর গমকত্বের প্রযোজক ধর্ম

(অ) পাঁচটি (আ) তিনটি

(ই) দুটি (ঈ) চারটি।

(ঙ) অন্নংভট্টের মতে উপমিতির করণ হল

(অ) অতিদেশবাক্যার্থের স্মরণ (আ) সাদৃশ্যজ্ঞান

(ই) অতিদেশবাক্য (ঈ) কোনোটিই নয়।

(চ) ন্যায়মতে শক্তি হল

(অ) দ্রব্য (আ) সমবায়

(ই) বিশেষ (ঈ) গুণ।

(ছ) অন্নংভট্টের মতে পদের লক্ষণ হল

(অ) সুপ্-তিঙন্তং পদম্ (আ) শক্তং পদম্

(ই) বিভক্ত্যন্তং পদম্ (ঈ) কোনোটিই নয়।

(জ) 'ত্রিপুটীপ্রত্যক্ষবাদ'-এর সমর্থক হলেন

(অ) মিশ্রমীমাংসক (আ) ভাট্টমীমাংসক

(ই) নৈয়ায়িক (ঈ) প্রাভাকরমীমাংসক।

(ঝ) অনুমিতির উৎপত্তিতে উত্তেজক হল

(অ) সিদ্ধি (আ) সিষাধয়িষা

(ই) সিষাধয়িষার অভাব (ঈ) কোনোটিই নয়।

(ঞ) অন্নংভট্টের মতে ব্যাপ্যত্বাসিদ্ধ হেতু হল

(অ) নিরুপাধিক (আ) সোপাধিক

(ই) সোপাধিক ও নিরুপাধিক উভয়ই (ঈ) কোনোটিই নয়।

(ট) 'তাৎপর্য' হল

(অ) বক্তার ইচ্ছা (আ) শ্রোতার ইচ্ছা

(ই) বক্তা ও শ্রোতা উভয়ের ইচ্ছা (ঈ) কোনোটিই নয়।

(ঠ) ন্যায়মতে 'বৃত্তি' হল

(অ) চার প্রকার (আ) তিন প্রকার

(ই) এক প্রকার (ঈ) দুই প্রকার।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে *যে-কোনো পাঁচটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৫×৫

(ক) তর্কসংগ্রহ অনুসারে পক্ষ, সপক্ষ ও বিপক্ষের লক্ষণ দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো।

(খ) বিভিন্ন প্রকার সব্যভিচার হেত্বাভাস উদাহরণসহ আলোচনা করো।

(গ) সৎ হেতুর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(ঘ) তর্কসংগ্রহে প্রদত্ত উপমিতির লক্ষণটি ব্যাখ্যা করো। উপমিতির 'ব্যাপার' কী?

(ঙ) 'আকাঙ্ক্ষা', 'যোগ্যতা' ও 'সন্নিধি' বলতে অন্নংভট্ট কী বুঝিয়েছেন?

(চ) তর্কসংগ্রহে প্রদত্ত উপাধির লক্ষণটি সংক্ষেপে আলোচনা করো। উপাধি কয় প্রকার ও কী কী?

(ছ) 'তাৎপর্য্যানুপপত্তিঃ লক্ষণাবীজম্'— ব্যাখ্যা করো।

(জ) উদাহরণসহ কেবলান্বয়ী লিঙ্গ ব্যাখ্যা করো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে *যে-কোনো দুটি* প্রশ্নের বিশদে উত্তর দাও ঃ

(ক) (অ) তর্কসংগ্রহ ও দীপিকা অবলম্বনে ব্যাপ্তির লক্ষণ ব্যাখ্যা করো।

(আ) ব্যাপ্তিগ্রহ কীভাবে হয়? অন্নংভট্টকে অনুসরণ করে আলোচনা করো। ৭+৮

(খ) নিম্নলিখিত অনুমিতিগুলির পক্ষ, সাধ্য ও হেতু নির্দেশ করো এবং হেতুটি কেন দুষ্ট তা ব্যাখ্যা করো (*যে-কোনো তিনটি*) ঃ ৫×৩

(অ) বহ্নি শীতল, কেননা তা দ্রব্য।

(আ) বায়ু প্রত্যক্ষযোগ্য, যেহেতু তা প্রত্যক্ষযোগ্য স্পর্শগুণের আশ্রয়।

(ই) শব্দ নিত্য, যেহেতু শব্দ কার্য।

(ঈ) আত্মা সাবয়ব, যেহেতু আত্মা আত্মত্বযুক্ত।

(গ) (অ) লক্ষণা কাকে বলে? দীপিকা অনুসারে ব্যাখ্যা করো।

(আ) লক্ষণা কয় প্রকার ও কী কী?

(ই) অন্নংভট্ট অনুসরণে বিভিন্ন প্রকার লক্ষণা দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ৪+২+৯

(ঘ) জ্ঞানের প্রামাণ্যকে কীভাবে জানা যায়? এই প্রসঙ্গে স্বতঃপ্রামাণ্যবাদী ও পরতঃপ্রামাণ্যবাদীর মত আলোচনা করো। ১৫

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

1. Answer ***any ten*** of the following questions selecting the correct option : 1×10

(a) According Annaṃbhatta the *Karaṇa* of *svārthānumiti* and *parārthānumiti* is

(i) *Pakṣadharmatā-Jñāna* (ii) *Parāmarśa*

(iii) *Vyāpti-Jñāna* (iv) *Hetu.*

(b) 'Pakṣadharmatā-jñāna' is

(i) 'The presence of *sādhya* in *pakṣa*

(ii) The cognition of the presence of *hetu* in *pakṣa*

(iii) The cognition of the presence of the absence of *hetu* in *pakṣa*

(iv) The cognition of the presence of the absence of *sādhya* in *pakṣa.*

(c) 'All cognitions are veridical'— which philosophical school holds this view?

(i) Prābhākar Mīmāṃsaka (ii) Bhātta Mīmaṃsaka

(iii) Miśra Mīmāṃsaka (iv) Naiyāyika.

(d) The properties which are responsible for the validity of *Kevalānvayī hetu* are

(i) five (ii) three

(iii) two (iv) four.

(e) According to Annaṃbhatta the *Karaṇa* of *upamiti* is

(i) *atideśa-vākyārtha-smaraṇa* (memory-cognition of the meaning of *atideśa-vākya*)

(ii) *sadṛśya-jñāna* (knowledge of similarity)

(iii) *atideśa-vākya*

(iv) None of the above.

(f) According to Nyāya, *śakti* is

(i) *dravya* (substance) (ii) *samavāya*

(iii) *viśeṣa* (iv) *guṇa* (quality).

(g) According to Annaṃbhatta, the *lakṣaṇa* (definition) of a *pada* (word) is

(i) *sup-tiṅantaṃ padam* (ii) *śaktaṁ-padam*

(iii) *vibhaktyantaṃ padam* (iv) None of these.

(h) The supporter of '*Tripuṭī-pratyakṣa-vāda*' is

(i) Miśra-Mīmāṃsaka (ii) Bhātta-Mīmāṃsaka

(iii) Naiyāyika (iv) Prābhākara-Mīmāṃsaka.

(i) *Uttejaka* (stimulant), in the origination of anumiti is

(i) *siddhi* (certainty)

(ii) *siṣādhayiṣā* (desire to infer)

(iii) *abhāva* of *sisādhayiṣā* (absence of the desire to infer)

(iv) None of the above.

(j) According to Annaṃbhatta, *vyāpyātvāsiddha hetu* is

(i) *nirupādhika* (ii) *sopādhika*

(iii) Both sopādhika and nirupādhika (iv) None of these.

(k) *Tātparya* is

(i) intention of the speaker (ii) intention of the listener

(iii) intention of both speaker and listener (iv) None of these.

(l) *Vṛtti*, according to Nyāya is of

(i) four types (ii) three types

(iii) one type (iv) two types.

2. Answer briefly ***any five*** questions of the following : 5×5

(a) Explain with examlpes, the definition of *pakṣa*, *sapakṣa* and *vipakṣa* according to *Tarkasaṃgraha.*

(b) Discuss with examples different types of *Savyābhicāra hetvābhāsa.*

(c) Discuss the characteristics of '*sat-hetu*' (legitimate logical ground).

(d) Explain the definition of *upamiti* following *Tarkasaṃgraha.* What is the *vyāpāra* of *upamiti*?

(e) What does Annaṃbhatta mean by *ākāṅkṣa*, *yogyatā* and *sannidhi*?

(f) Explain the definition of *upādhi* in brief as given in *Tarkasaṃgraha.* How many types of upādhi are there and what are these?

(g) '*Tātparyānupapattiḥ lakṣaṇābījam*'— Explain.

(h) Explain with example the *kevalānvayī linga.*

**3.** Answer in detail ***any two*** of the following questions :

(a) (i) Discuss the definition of *vyāpti* following *Tarkasaṃgraha* and *Dīpikā*.

(ii) How is *vyāpti* known? Discuss after Annaṃbhatta. 7+8

(b) Indicate the *pakṣa*, *sādhya* and *hetu* of the following inference and explain why the hetu in defective (***any three***) : 5×3

(i) Fire is cold, because it is a substance.

(ii) Air is perceptible because it is the seat of peceptible tactual quality.

(iii) Sound is eternal, because it is an effect.

(iv) The self has parts, because it has selfhood.

(c) (i) What is *lakṣaṇā*? Explain after *Dīpikā*.

(ii) How many types of *lakṣaṇā* are there and what are these?

(iii) Explain with example, the different types of *lakṣaṇā*, after Annaṃbhatta. 4+2+9

(d) How is the validity (*prāmāṇya*) of a cognition known? Explain in this context the views of *svataḥprāmāṇya-vadīns* and *parataḥprāmāṇya-vadīns*. 15

# 2023

## PHILOSOPHY — HONOURS

**Paper : CC-14**

**(Western Ethics)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) নীতিবিদ্যার আলোচ্য বিষয় হল

(অ) ভাবজ ক্রিয়া (আ) প্রতিবর্ত ক্রিয়া

(ই) ঐচ্ছিক ক্রিয়া (ঈ) সাহজিক ক্রিয়া।

(খ) নিম্নোক্ত বাক্যগুলির মধ্যে নৈতিক বাক্য হল

(অ) এই কলমটি ভালো (আ) তোমার উত্তরটি সঠিক

(ই) কথা দিয়ে কথা রাখা উচিত (ঈ) ফুলটি খুব সুন্দর।

(গ) নিম্নোক্ত বিষয়গুলির মধ্যে নৈতিক বিচারের বিষয়বস্তু হল

(অ) স্বেচ্ছাকৃত ক্রিয়া (আ) উদ্দেশ্য

(ই) অভিপ্রায় (ঈ) ফলাফল।

(ঘ) মার্জিত বা সংযত আত্মসুখবাদের প্রবক্তা হলেন

(অ) এপিকিউরাস (আ) বেন্থাম

(ই) কান্ট (ঈ) মিল।

(ঙ) 'মানুষ তার স্বভাববশে সুখ কামনা করে'— এই ধারণার সঙ্গে জড়িত মতবাদটির নাম হল

(অ) নৈতিক সুখবাদ (আ) মনস্তাত্ত্বিক সুখবাদ

(ই) আত্মসুখবাদ (ঈ) নিয়ন্ত্রণবাদ।

(চ) "তৃপ্ত শূকর অপেক্ষা অতৃপ্ত সক্রেটিস হওয়া ভালো।" — কার উক্তি?

(অ) প্লেটো (আ) অ্যারিস্টটল

(ই) মিল (ঈ) বাটলার।

(ছ) অ্যারিস্টটলের নৈতিক মতবাদ কী নামে পরিচিত?

(অ) আত্মসুখবাদ (আ) আনন্দবাদ

(ই) পরসুখবাদ (ঈ) কৃচ্ছ্রতাবাদ।

(জ) সদাচার অথবা চারিত্রিক উৎকর্ষ সংক্রান্ত মতবাদের সঙ্গে কোন্ দার্শনিকের নাম যুক্ত?

(অ) মিল (আ) বেন্থাম

(ই) অ্যারিস্টটল (ঈ) এপিকিউরাস।

(ঝ) 'কর্তব্যের জন্য কর্তব্য' এই নীতিটির সাথে কোন্ দার্শনিকের নাম যুক্ত?

(অ) কান্ট (আ) প্লেটো

(ই) বেন্থাম (ঈ) সিজ্উইক।

(ঞ) শাস্তির যৌক্তিকতা সম্পর্কে সংশয় প্রকাশ করেন কারা?

(অ) সমাজবিজ্ঞানী (আ) মনোবিজ্ঞানী

(ই) অপরাধবিজ্ঞানী (ঈ) নীতিবিজ্ঞানী।

(ট) 'চোখের বদলে চোখ এবং দাঁতের বদলে দাঁত'— নিয়মটি শাস্তি সংক্রান্ত কোন্ মতবাদে যুক্তিযুক্ত বলে গ্রাহ্য হয়?

(অ) সংশোধনাত্মক (আ) প্রতিশোধাত্মক

(ই) প্রতিরোধাত্মক (ঈ) কোনোটিই নয়।

(ঠ) কোন্ দার্শনিক শাস্তিকে 'নেতিমূলক পুরস্কার' বলেছেন?

(অ) জেনো (আ) অ্যারিস্টটল

(ই) ডেকার্ত (ঈ) কেউই নয়।

২। সংক্ষিপ্ত উত্তর দাও (*যে-কোনো পাঁচটি*)ঃ ৫×৫

(ক) পরানীতিবিদ্যা কী? সংক্ষেপে ব্যাখ্যা করো।

(খ) উদ্দেশ্য ও অভিপ্রায়ের মধ্যে সম্পর্ক নিরূপণ করো।

(গ) কর্ম উপযোগবাদ ও নীতি উপযোগবাদের মধ্যে পার্থক্য করো।

(ঘ) প্লেটোকে অনুসরণ করে চতুর্বিধ মৌলিক ধর্মের আলোচনা করো।

(ঙ) সুখবাদের কূটাভাস বলতে কী বোঝো?

(চ) 'সুখের গণনা প্রণালী'-র সংক্ষিপ্ত বিবরণ দাও।

(ছ) উদ্দেশ্যমুখী নৈতিকতা ও কর্তব্যমুখী নৈতিকতার মধ্যে পার্থক্য করো।

(জ) প্রাণদণ্ড কী সমর্থনযোগ্য? সংক্ষেপে আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) ঐচ্ছিক ও অনৈচ্ছিক ক্রিয়ার মধ্যে পার্থক্য করো। বিভিন্ন প্রকার অনৈচ্ছিক ক্রিয়া উল্লেখপূর্বক ব্যাখ্যা করো। এগুলি নৈতিক ক্রিয়া নয় কেন? ৪+৮+৩

(খ) ব্যবহারিক নীতিবিদ্যা কাকে বলে? পরানীতিবিদ্যা ও ব্যবহারিক নীতিবিদ্যার মধ্যে পার্থক্য করো। ৬+৯

(গ) "জগতে অথবা জগতের বাইরে সদিচ্ছা ব্যতীত আর কিছুই নেই যাদের নিঃশর্ত ভালো বলা যায়।" — এই বক্তব্যটি আলোচনা করো। ১৫

(ঘ) শাস্তিতত্ত্ব ব্যাখ্যা করো। শাস্তি সম্পর্কিত মতবাদগুলির মধ্যে কোন্‌টিকে তোমার সন্তোষজনক বলে মনে হয়? উত্তরের সমর্থনে যুক্তি দাও। ৩+১২

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

1. Choose the correct option (***any ten***) : 1×10

(a) The subject matter of Ethics is

(i) Ideomotor actions (ii) Reflex action

(iii) Voluntary action (iv) Instinctive action.

(b) Among the following statements, the moral statement is

(i) This pen is good (ii) Your answer is right

(iii) One ought to keep one's promise (iv) The flower is beautiful.

(c) Among the following, the object of moral judgement is

(i) Voluntary action (ii) Motive

(iii) Intention (iv) Consequences.

(d) The advocate of refined hedonism is

(i) Epicurus (ii) Bentham

(iii) Kant (iv) Mill.

(e) 'It is human nature that he desires pleasure'— The theory associated with this idea is

(i) Ethical hedonism (ii) Psychological hedonism

(iii) Egoistic hedonism (iv) Determinism.

(f) "It is better to be a Socrates dissatisfied than a pig satisfied."— Who said this?

(i) Plato (ii) Aristotle

(iii) Mill (iv) Butler.

(g) Aristotle's ethical theory is known as

(i) Egoistic Hedonism (ii) Eudaemonism

(iii) Altruism (iv) Rigorism.

(h) Whose name is associated with Virtue Ethics?

(i) Mill (ii) Bentham

(iii) Aristotle (iv) Epicurus.

(i) "Duty for the sake of duty"— The name of which philosopher is connected with this principle?

(i) Kant (ii) Plato

(iii) Bentham (iv) Sidgwick.

(j) Which group of thinkers are against justification of punishment?

(i) Sociologists (ii) Psychologists

(iii) Criminologists (iv) Ethical philosophers.

(k) Which theory of punishment justifies the statement— "An eye for an eye' and 'tooth for a tooth"?

(i) Reformative theory (ii) Retributive theory

(iii) Deterrent theory (iv) None of these.

(l) Which philosopher has named punishment as 'negative reward'?

(i) Zeno (ii) Aristotle

(iii) Descartes (iv) None of them.

2. Answer in brief (*any five*) : 5×5

(a) What is meta ethics? Explain in brief.

(b) State the relation between motive and intention.

(c) Distinguish between 'Act-utilitarianism' and 'Rule-utilitarianism'.

(d) Discuss four cardinal virtues following Plato.

(e) What is paradox of Hedonism?

(f) Give a brief description of 'Hedonistic calculus'.

(g) Distinguish between teleological morality and deontological morality.

(h) Is capital punishment justified? Discuss in brief.

3. Answer ***any two*** questions :

(a) Distinguish between voluntary and non-voluntary actions. Explain, with examples, different kinds of non-voluntary actions. Why these actions are not regarded as moral? 4+8+3

(b) What is applied ethics? Distinguish between metaethics and applied ethics. 6+9

(c) "There is nothing in the world or even out of it that can be called good without qualification except a good will." — Explain this view. 15

(d) Explain the theory of punishment. Among the different theories of punishment which one do you consider as satisfactory? Give reasons for your answer. 3+12

# 2023

# PHILOSOPHY — HONOURS

**Paper : DSE-A-2.2**

**(Applied Ethics)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) 'Economic Development and Social Opportunity' নিবন্ধের লেখক কে?

(অ) দুরখেইম (আ) পিটার সিঙ্গার

(ই) অমর্ত্য সেন (ঈ) আর্নে নেস।

(খ) কার্ল জেসপার্স কোন সময়কে ধর্মের ক্ষেত্রে 'সুবর্ণযুগ' বলেছেন?

(অ) ৮০০ থেকে ৩০০ খ্রিস্টপূর্ব (আ) ১০০০ থেকে ৩০০ খ্রিস্টপূর্ব

(ই) ৬০০ থেকে ২০০ খ্রিস্টপূর্ব (ঈ) ২০০০ থেকে ৪০০ খ্রিস্টপূর্ব।

(গ) 'The Meaning and End of Religion' গ্রন্থটির লেখক কে?

(অ) প্লেটো (আ) ডব্লিউ. সি. স্মিথ

(ই) জেসপার্স (ঈ) জন. এইচ্. হিক্।

(ঘ) Classical উপযোগবাদ অনুসারে ব্যবহারিক নীতিবিদ্যায়—

(অ) নরহত্যা প্রত্যক্ষভাবে অনুচিত (আ) নরহত্যা পরোক্ষভাবে অনুচিত

(ই) নরহত্যা প্রত্যক্ষভাবে অনুচিত নয় (ঈ) এর কোনোটি নয়।

(ঙ) ভূমিকেন্দ্রিক নৈতিক মতবাদের প্রবক্তা কে?

(অ) আর্নে নেস (আ) থম্‌সন

(ই) আল্‌দো লিওপোল্ড (ঈ) ডেরিল কোয়েন।

(চ) কোন সালে নেদারল্যান্ডে নিষ্কৃতিমৃত্যু আইনের অনুমোদন লাভ করে?

(অ) ১৯৭২ (আ) ১৯৬৫

(ই) ১৯৮০ (ঈ) ১৯৮৩।

(ছ) "জগতের প্রেক্ষিতে মানুষের জীবনের গুরুত্ব ঝিনুকের জীবনের গুরুত্ব অপেক্ষা বেশি নয়"— এটি কার অভিমত?

(অ) বেন্থাম (আ) জে. এস. মিল

(ই) পিটার সিঙ্গার (ঈ) ডেভিড হিউম।

(জ) পরিবেশের অন্তর্গত বিভিন্ন জীবের পারস্পরিক নির্ভরতা সম্পর্কিত মতবাদকে কী বলে?

(অ) বাস্তুসংস্থান (আ) গভীর বাস্তুতন্ত্র

(ই) ফাইটো-ভূগোল (ঈ) ফাইটো-সমাজবিজ্ঞান।

(ঝ) 'নয়া নৈতিকতা'-র উল্লেখ কে করেন?

(অ) আর্নে নেস (আ) ভাল প্লামউড্

(ই) আল্‌দো লিওপোল্ড (ঈ) শোয়েৎজার।

(ঞ) 'দরদি নীতিশাস্ত্র' কে স্বীকার করেন?

(অ) জে. এল. ম্যাকি (আ) পিটার সিঙ্গার

(ই) ক্যারল গিলিগান (ঈ) এঁদের কেউ নন।

(ট) লিঙ্গবৈষম্য প্রসঙ্গে উদারপন্থী মতবাদের সমর্থক কে?

(অ) জে. এস. মিল (আ) অ্যারিস্টটল

(ই) কান্ট (ঈ) প্লেটো।

(ঠ) দারিদ্রকে কীভাবে ব্যক্ত করা হয়?

(অ) প্রাচুর্য (আ) চরম দারিদ্র

(ই) আপেক্ষিক দারিদ্র (ঈ) চরম ও আপেক্ষিক দারিদ্র।

২। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৫×৫

(ক) গভীর ও অগভীর বাস্তুসংস্থানের মধ্যে পার্থক্য কী? ব্যাখ্যা করো।

(খ) জাতি-বৈষম্য প্রসঙ্গে রক্ষণশীল মতবাদটি পিটার সিঙ্গার যে যুক্তির সাহায্যে খণ্ডন করেছেন সেটি লেখো।

(গ) অ-মানুষ 'পশু' কি ব্যক্তিরূপে গ্রাহ্য? যুক্তিসহ লেখো।

(ঘ) করুণা-হত্যার প্রকারগুলি সংক্ষেপে লেখো।

(ঙ) 'পূর্ণ যুদ্ধ' বলতে কী বোঝায়?

(চ) তুমি কি মনে করো যে দরিদ্র ব্যক্তিকে সাহায্য না-করা নীতিগতভাবে অন্যায়? ব্যাখ্যা করো।

(ছ) পরিবেশ সম্পর্কে নৃ-কেন্দ্রিক মতবাদটি কী? আলোচনা করো।

(জ) সন্ত্রাসবাদ কি নৈতিকভাবে সমর্থনীয়? ব্যাখ্যা করো।

(ঝ) 'দরদি নীতিশাস্ত্র' বলতে কী বোঝো?

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) আত্মহত্যা কাকে বলে? আত্মহত্যা কি নৈতিক অপরাধ? যুক্তি দাও। ৩+১২

(খ) লিঙ্গবৈষম্য বলতে কী বোঝায়? এই প্রসঙ্গে উদারপন্থীদের মতবাদটি আলোচনা করো। ৫+১০

(গ) বাস্তুসংস্থান প্রসঙ্গে বৌদ্ধমত বিশদভাবে আলোচনা করো। ১৫

(ঘ) যুদ্ধের 'লক্ষ্য' ও 'উপায়' কাকে বলে? 'উপায়' কি নৈতিকভাবে সমর্থনযোগ্য? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৩+১২

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

1. Choose the correct option (***any ten***) : 1×10

(a) Who is the writer of 'Economic Development and Social Opportunity'?

(i) Durkheim (ii) Peter Singer

(iii) Amartya Sen (iv) Arne Naess.

(b) Which of the following is the 'Axial Period' according to Karl Jaspers in the context of Religion?

(i) 800 B.C. to 300 B.C. (ii) 1000 B.C. to 300 B.C.

(iii) 600 B.C. to 200 B.C. (iv) 2000 B.C. to 400 B.C.

(c) Who is the author of 'The Meaning and End of Religion'?

(i) Plato (ii) W. C. Smith

(iii) Jaspers (iv) John H. Hick.

(d) According to classical utilitarianism, in Practical ethics—

(i) killing of human is directly an illegal act

(ii) killing of human is indirectly an illegal act

(iii) killing of human is directly not an illegal act

(iv) None of the above.

(e) Who is the propounder of 'Land-Ethics'?

(i) Arne Naess (ii) Thomson

(iii) Aldo Leopold (iv) Deryl Koehn.

(f) In which year did euthanasia get legal sanction in Netherland?

(i) 1972 (ii) 1965

(iii) 1980 (iv) 1983.

(g) "The life of a man is of no greater importance to the universe than that of a oyster." — Who said this?

(i) Bentham (ii) J. S. Mill

(iii) Peter Singer (iv) David Hume.

(h) The study of interactions between living and non-living organisms and environment is called

(i) Ecosystem (ii) Deep Ecology

(iii) Phyto-Geography (iv) Phyto-Sociology.

(i) Who said of 'New Ethics'?

(i) Arne Naess (ii) Val Plumwood

(iii) Aldo Leopold (iv) Schweitzer.

(j) Who is the propounder of 'Care-Ethics'?

(i) J. L. Mackie (ii) Peter Singer

(iii) Carol Gilligan (iv) None of them.

(k) Who is the supporter of liberal view in the context of gender discrimination?

(i) J. S. Mill (ii) Aristotle

(iii) Kant (iv) Plato.

(l) How is poverty defined?

(i) Affluence (ii) Absolute Poverty

(iii) Relative Poverty (iv) Absolute and Relative Poverty.

2. Answer ***any five*** questions in brief : 5×5

(a) What is the difference between 'Deep' and 'Shallow' ecology? Explain.

(b) Write down the arguments by which Peter Singer refute the Theory of Radicals regarding Racism.

(c) Can a non-human animal be taken as a person? Give reasons.

(d) Write in brief the kinds of Euthanasia.

(e) What is 'total war'?

(f) Do you think that not helping the poor is unethical? Explain.

(g) What is the Anthropocentric view regarding environment? Discuss.

(h) Is terrorism morally acceptable? Explain.

(i) What is meant by Care-Ethics?

3. Answer *any two* questions :

(a) What is meant by suicide? Is suicide a moral crime? Justify your answer. 3+12

(b) What is meant by gender discrimination? In this context, discuss the view of Liberalist. 5+10

(c) Discuss elaborately the ecological view of Buddhism. 15

(d) What are the 'ends' and 'means' of a war? Can the 'means' be morally justified? Give reasons for your answer. 3+12

---